# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৬৫

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ ব্যাপক অর্থবোধক দু'আর ক্ষেত্রে মানুষের অবস্থা বর্ণনা এবং এক্ষেত্রে তার কী উদ্দেশ্য হওয়া জরুরী, তার বর্ণনা

## ذِكْرُ مَا يَجِبُ أَنْ يَكُونَ قَصْدُ الْمَرْءِ فِي جَوَامِعِ دُعَائِهِ وَبَيَانِ أَحْوَالِهِ لَهُ

আরবী

865 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ إِبْرَاهِيمَ مَوْلَى ثَقِيفٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَمْرٍو زُنَيْجٌ حَدَّثَنَا جَرِيرُ بْنُ عَبْدِ الْحَمِيدِ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِرَجُلٍ: (مَا تَقُولُ فِي الصَّلَاةِ)؟ فَقَالَ: أَتَشَهَّدُ ثُمَّ أَقُولُ: اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ الْجَنَّةَ وَأَعُوذُ بِكَ مِنَ النَّارِ أَنَا وَاللَّهِ مَا أُحْسِنُ دَنْدَنَتَكَ وَلَا دَنْدَنَةَ مُعَاذٍ فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم: (حولها ندندن)

الراوي : أَبُو هُرَيْرَةَ اا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 865 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৮৬৫. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক ব্যক্তিকে বলেন, “তুমি সালাতে কী বলো?” তখন তিনি জবাবে বলেন, “আমি তাশাহ্হুদ পড়ি, তারপর আমি বলি, اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ الْجَنَّةَ وَأَعُوذُ بِكَ مِنَ النَّارِ (হে আল্লাহ, নিশ্চয়ই আমি আপনার কাছে জান্নাত চাচ্ছি এবং আপনার কাছে জাহান্নামের আগুন থেকে পরিত্রাণ চাচ্ছি।), আল্লাহর কসম! আপনার মতো এবং মু'আয রাদ্বিয়াল্লাহু আনহুর মতো সুন্দর করে অনুচ্চ স্বরে দু'আ করতে পারি না।(অথবা আপনার এবং মু'আয রাদ্বিয়াল্লাহু আনহুর অনুচ্চ আওয়াযের দু'আ বুঝতে পারি না) ” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক ব্যক্তিকে বলেন, “আমরা ও অনুচ্চ আওয়াযে এর আশেপাশেই দু'আ করি। অর্থাৎ জান্নাত চাওয়া ও জাহান্নাম থেকে পরিত্রান চাওয়া- এসবের আশেপাশেই দু'আ করি।)[1]

ফুটনোট

[1] ইবনু মাজাহ: ৯১০; মুসনাদ আহমাদ: ৩/৪৭৪; আবূ দাঊদ: ৭৯২।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তানুযায়ী সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৭৫৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89368

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন